সংবাদ

তারিখ [illegible]
পৃঃ ৩ কলাম ৪

# ইডেন ছাত্রী হোস্টেলে ছাত্রলীগ নেতা

- নিরাপত্তা চেয়ে অধ্যক্ষকে শিক্ষার্থীদের চিঠি

নিজস্ব বার্তা পরিবেশক

ইডেন সরকারি মহিলা কলেজের রাজিয়া হলে ঢাকা কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদকের অবৈধ প্রবেশ ও অবস্থানের অভিযোগ উঠেছে। ছাত্রী হলে কোন ছেলের অবস্থানের প্রতিবাদে নিরাপত্তা চেয়ে অধ্যক্ষের কাছে চিঠি লিখেছে ছাত্রীরা। এ প্রবেশের বিরুদ্ধে তারা প্রকাশ্যে মুখ না খুললেও ফুঁসে উঠেছে ভেতরে ভেতরে। নিজেদের নিরাপত্তার কথা চিন্তা করে কোন আন্দোলনে না গেলেও গণমাধ্যমে প্রতিবাদ জানিয়েছে তারা। ঐ ধরনের আচরণকে উচ্চশিক্ষার ক্ষেত্রে বাধা ও অভিভাবকদের জন্য উদ্বেগের বিষয় বলেও মনে করছে ছাত্রীরা।

নাম প্রকাশে অনিচ্ছুক ইডেনের রাজিয়া হলের ছাত্রীদের পক্ষ থেকে অধ্যক্ষের কাছে পাঠানো চিঠি থেকে জানা যায়, ঢাকা কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাকিব হাসান সুইন গত বৃহস্পতিবার বিকেল ৩টায় ইডেন কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইসরাত জাহান অচির রুমে (২০১) প্রবেশ করে। দেড় ঘণ্টা সেখানে অবস্থান করে বিকেল সাড়ে ৪টায় বেরিয়ে যায়। কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই তিনি এ কাজ করেছেন। চিঠিতে আরও বলা হয়েছে, ছাত্রী হলে ছেলেদের অবাধ প্রবেশ ও অবস্থান মেয়েদের নিরাপত্তাহীনতার সৃষ্টি করেছে। এমন অবস্থা চলতে থাকলে ইডেন কলেজের সুনাম ক্ষুণ্ন হওয়ার পাশাপাশি

হোস্টেলে : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## হোস্টেলে : ছাত্রলীগ নেতা

(১ম পৃষ্ঠার পর)

অভিভাবকরাও উদ্বিগ্ন থাকবেন। ভবিষ্যতে অভিভাবকরা তাদের সন্তানদের ইডেনে পাঠাতে চিন্তা করবেন।

এ ঘটনার সুষ্ঠু তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধও জানানো হয়েছে চিঠিতে। চিঠির অনুলিপি শিক্ষামন্ত্রী, শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও বিভিন্ন গণমাধ্যমেও পাঠানো হয়েছে। তবে ইডেন কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইসরাত জাহান অচি এ অভিযোগ অস্বীকার করেছেন। গতকাল সন্ধ্যায় তিনি বলেন, যারাই অভিযোগ করুক এ ঘটনা সত্য নয়। আমাদের ক্যাম্পাসে ছেলেদের প্রবেশের সুযোগ নেই। সেক্ষেত্রে হলে আমার রুমে কোন ছেলের আসার সুযোগ নেই।

এদিকে এ ব্যাপারে কোন অভিযোগ পাননি বলে জানিয়েছেন ইডেন কলেজের অধ্যক্ষ রওশন আরা। তিনি বলেন, মহিলা কলেজের হোস্টেলে ছেলেদের প্রবেশের সুযোগ নেই। এছাড়া আজ শনিবার ছাত্রদের হল উদ্বোধন করতে আসবেন প্রধানমন্ত্রী। সেজন্য নিরাপত্তায় এসএসএফসহ গোয়েন্দা সংস্থার সদস্যরা নিয়োজিত। এত কঠোর নিরাপত্তার মধ্যে কোন ছেলের প্রবেশের সুযোগ নেই।